গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালনে গৃহীত কর্মসূচি বাস্তবায়নে ফলোআপ সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোস্তফা কামাল
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

তারিখ : ০৯-০৮-২০২৩ খ্রি:

সময় : বেলা ১২.০০ টা

সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সভাকক্ষে উপস্থিত এবং জুম অ্যাপের মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানান। আলোচনার শুরুতে তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং ১৫ আগস্ট ১৯৭৫-এর সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০২৩ পালনের জন্য জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে নৌপরিবহন মন্ত্রণালয় ও অধিনস্থ দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত কর্মসূচি সম্পর্কে তথ্য উপস্থাপনের অনুরোধ জানান।

২। সভাপতির অনুমতিক্রমে সভায় চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, প্রতিনিধি বিআইডব্লিউটিসি, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, পরিচালক, নাবিক ও শ্রমিক কল্যাণ পরিদপ্তর, কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/সিলেট/পাবনা/বরিশাল/রংপুর এবং অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে নিজ নিজ দপ্তরে গৃহীত কর্মসূচির বিস্তারিত উপস্থাপন করেন। গৃহীত এসব কর্মসূচির ওপরে আলোচনায় সকলে সক্রিয় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ পালনের সিদ্ধান্তের উপর কার্যক্রম/কর্মসূচি গৃহীত হয়:

| ক্র:নং | সিদ্ধান্ত | **গৃহীত কার্যক্রম/অগ্রগতি** | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। | ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | অধিনস্থ দপ্তর/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সকল দপ্তর/সংস্থা। |
| ২। | ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ৬.০০ টায় জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা। | **নৌপরিবহন মন্ত্রণালয়সহ ঢাকায় অবস্থিত সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ সকাল ৬.৩০ টায় ধানমন্ডি ৩২নং উপস্থিত থাকবেন।** | নৌপরিবহন মন্ত্রণালয়।<br>সকল দপ্তর/সংস্থা। |
| ৩। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বরণকে শ্রদ্ধা জানাতে নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধিনস্থ সকল দপ্তর/সংস্থায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণ আগস্ট/২০২৩ মাসব্যাপী কালো ব্যাজ পরিধান করা। | ১লা আগস্ট থেকে সকল কর্মকর্তা/কর্মচারীগণ কালো ব্যাজ পরিধান করছে। | নৌপরিবহন মন্ত্রণালয়।<br>সকল দপ্তর/সংস্থা। |
| ৪। | (ক) দিবসটি পালনের জন্য অধিনস্থ সংস্থাসমূহের শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জাতীয় কর্মসূচির আলোকে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন।<br>(খ) নৌপরিবহন মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহের শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন। | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধিনস্থ ৫টি মেরিন একাডেমীসহ মোবক ও চবক'র শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা/বক্তৃতা ও দোয়ার আয়োজন করছে/করবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা। |

| | | | |
|---|---|---|---|
| ৫। | নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা। | অধিনস্থ দপ্তর/সংস্থা দোয়া ও মোনাজাতের আয়োজন করছে/করবে। | সকল দপ্তর/সংস্থা। |
| ৬। | জাতীয় কর্মসূচির আলোকে অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহ স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন করবে। | সকল দপ্তর/সংস্থা কর্মসূচি গ্রহণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করেছে | সকল দপ্তর/সংস্থা। |
| ৭। | সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কর্মসূচি আগামী ১৫ জুলাই ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং আগষ্ট ২০২৩ এর প্রথম সপ্তাহে ফলো আপ সভা করবে। | | সকল দপ্তর/সংস্থা। |
| ৮। | দপ্তর/সংস্থাসমূহ সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রশাসন এর সাথে সমন্বয় করে জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ করবে। | সমন্বয় করে জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ করবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৯। | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন, আমার পিতা শেখ মুজিব ও বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং সরকারি অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরষ্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী সকল শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে আবশ্যিকভাবে রাখতে হবে। | ব্যবস্থা গ্রহণ করতে হবে | সকল দপ্তর/সংস্থা। |
| ১০। | জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষে ক্রোড়পত্র প্রকাশ। | কেন্দ্রিয়ভাবে পি,আই,ডি ক্রোড়পত্র প্রকাশ করবে। | |
| ১১। | জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষে সুবিধাজনক সময়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর টুঙ্গিপাড়াস্থ সমাধিতে পুস্পস্তবক অর্পণ। | জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষে নৌপরিবহন মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার প্রধানগণ কর্তৃক সুবিধাজনক তারিখ ও সময়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর টুঙ্গিপাড়াস্থ সমাধিতে পুস্পস্তবক অর্পণ করা হবে। | মোংলা বন্দর কর্তৃপক্ষ ও নৌপরিবহন মন্ত্রণালয় |
| ১২। | নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক ১৫-০৮-২০২৩ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)'র মুক্তিযোদ্ধা স্মৃতি মিলনায়তনে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার আয়োজন।<br>(ক) আলোচনার বিষয় নির্ধারণ:<br>(খ) প্রধান আলোচক নির্ধারণ: | আলোচনা সভার দাওয়াত কার্ড প্রস্তুত করা হয়েছে এবং সকলের নিকট বিতরণ করা হয়েছে।<br>**ক) আলোচনার বিষয়: "১৫ আগস্ট শোক দিবস: শোক থেকে শক্তিতে নৌখাতের জয়যাত্রা"**<br>(খ) প্রধান আলোচক: প্রফেসর ড. হারুন-অর-রশিদ, সাবেক উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয় | নৌপরিবহন মন্ত্রণালয়।<br>ও<br>বিআইডব্লিউটিএ |

০৩। অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১০/০৮/২০২৩
মোঃ মোস্তফা কামাল
সচিব

নং-১৮.০০.০০০০.০৪৩.২৩.০০৫.২২- ২৭৪ তারিখ: ১৩.০৮.২০২৩ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে):

১। চেয়ারম্যান, জানরক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মোবক/পাবক/বাস্থবক।

২। অতিরিক্ত সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।

৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/রংপুর/সিলেট।

৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।

৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।

১০। সিনিয়র সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। সহকারী সচিব (সকল) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

এস এম হুমায়ুন কবির সরকার
উপসচিব
ফোন ঃ ০২-৫৫১০০৯৩৬